

Times Today BD

ডেস্ক রিপোর্ট | চট্টগ্রাম | 02 April, 2025

বিএনপির স্থায়ী কমিটির সদস্য প্রয়াত ব্যারিস্টার মওদুদ আহমেদ এবং ক্ষমতাসূচক আওয়ামী লীগ সরকারের সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের নিজ নির্বাচনী এলাকা নোয়াখালী-৫ (সদর-কবিরহাট-কোম্পানীগঞ্জ) আসনে গণসংযোগ করে ঈদ শুভেচ্ছা বিনিময় করেছেন বাংলাদেশ জন-অধিকার পার্টির (পিআরপি) চেয়ারম্যান মোহাম্মদ ইসমাইল সন্ডাট। এসময় তার সঙ্গে শতাধিক মোটরসাইকেল নিয়ে জন-অধিকার পার্টির নেতাকর্মী ও স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ অংশ নেন।

বুধবার (২ এপ্রিল) জেলার কবিরহাট বাজারে গণসংযোগ শেষে সাংবাদিকদের সাথে ব্রিফিংয়ে ইসমাইল সন্ডাট বলেন, আমাদের চাওয়া হলো আগামী ডিসেম্বরের মধ্যে একটি নিরপেক্ষ নির্বাচন হবে। অর্ন্তবর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের প্রধান কাজই হচ্ছে বাংলাদেশের মানুষকে অবাধ-সুষ্ঠু-নিরপেক্ষ একটি নির্বাচন উপহার দেওয়া, যেটা আগামী পঞ্চাশ বছর রোল মডেল হয়ে থাকবে।

তিনি আরো বলেন, খুনি হাসিনা এবং ভারতের 'র' এর এজেন্টদের সাপ্টার আমরা ৫ আগস্ট ক্লোজ করে দিয়েছি। ৫ তারিখের পূর্বে যেভাবে প্রত্যেক রাজনৈতিক দল ঐক্যবদ্ধ থেকে খুনি হাসিনা সরকারকে বিতাড়িত করেছি, ঠিক সেইভাবে সবাই ঐক্যবদ্ধ থেকে রাজনৈতিক গুণগত পরিবর্তন এনে বাংলাদেশটাকে নতুনভাবে গড়বো, খুনি হাসিনা ও ভারতকে মোকাবেলা করে খুব অল্প সময়ের মধ্যে বাংলাদেশকে সিঙ্গাপুরে রূপান্তর করবো।

বাংলাদেশ সেনাবাহিনীকে নিয়ে এনসিপির নেতাদের বক্তব্যের বিষয়ে স্ফোভ প্রকাশ করে সন্ডাট বলেন, জাতীয় নাগরিক পার্টির যারা নেতৃত্বে আছে, আমরা এক সঙ্গে ২০১৮ সালে কোটা আন্দোলন করেছি। আক্তার হোসেনকে আমরা রাজু ভাঙ্কার্য থেকে এনে আমাদের দল বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার পরিষদ থেকে ঢাকাসুর সমাজসেবা সম্পাদক দিয়েছি, তার রাজনৈতিক উত্থান সেখান থেকে। তাদের প্রত্যেককে আমাদের চিনা আছে, তাদের মধ্যে হাসনাত-সারজিস ছাত্রলীগ থেকে নতুন দলে এসেছে। তো আমরা চাচ্ছি বাংলাদেশের রাজনীতিতে তরুণদের নেতৃত্বে গুণগত পরিবর্তন আসবে, সেই জায়গা থেকেই আমরা কাজ করে যাচ্ছি।

ইসমাইল সন্ডাট কবিরহাট উপজেলার আবদুল্লাহ মিয়া হাট, কালামুন্সী বাজার, এমপির পোল, শাহাজির হাট, নরোত্তমপুর, কবিরহাট পৌরসভা, উঁইয়ারহাট, কোম্পানীগঞ্জ উপজেলার লোহারপুল, চাভিটি, গোয়ালের পোল, করালিয়া, বসুরহাট পৌরসভায় গণসংযোগ শেষে বিএনপির স্থায়ী কমিটির সদস্য প্রয়াত ব্যারিস্টার মওদুদ আহমেদের কবর জিয়ারত করেন। এসময় স্থানীয় জনগনকে পবিত্র ঈদুল ফিতরের শুভেচ্ছা জানিয়ে তাদের খোঁজখবর নেন ইসমাইল সন্ডাট।

এসময় বাংলাদেশ জন-অধিকার পার্টির (পিআরপি) নোয়াখালীর সভাপতি আবদুল মান্নান, সাধারণ সম্পাদক মওদুদ আহমেদসহ দলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

হাসনাত সারজিস ছাত্রলীগ নতুন দল বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 20:54

URL: <https://www.timestodaybd.com/chittagong/227615955>